

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২১৮৮


তারিখ

১৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
০১ জুন ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৫ তম কমিশন সভা অদ্য ০১/০৬/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন The City Bank Limited এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর। বৈশিষ্ট্য অনুসারে এটি হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Floating Rated, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে। শুধুমাত্র প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং হাই নেট ওর্থ ব্যক্তিরাই (High Net Worth Individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে The City Bank Limited, Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। The City Bank Limited Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসেবে কাজ করছে যথাক্রমে RSA Capital Limited, City Bank Capital Resources Limited এবং IDLC Investments Limited।
২. বে-মেয়াদী Peninsula Sadharan Bima Corporation Unit Fund One এর খসড়া প্রসপেক্টাস কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করতে পারবে। ফান্ডটির উদ্যোক্তা সাধারণ বীমা কর্পোরেশন। এছাড়া ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে পেনিনসুলা এ্যাসেট ম্যানেজম্যান্ট কো: লি:, ট্রাস্টি হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ব্রাক ব্যাংক লি:।

  
০১/০৬/২০১৭

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।